



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬।

মোবাইল: ০১৭৬৯৭২১০১০, ফ্যাক্স: +০২-৫৮০৫১০১০

ই-মেইল: regoffice@bsmrmu.edu.bd, www.bsmrmu.edu.bd



স্মারক নং বিএসএমআরএমইউ/রেজিঃ/এ্যাডমিশন-৩৮০/২২/৩৩৩০

তারিখ ২৬ মে ২০২২

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা: ২০২১-২০২২

## পরীক্ষার্থীগণের জন্য নির্দেশাবলী

- ১। পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম ৩০ মিনিট পূর্বে স্ব-স্ব কেন্দ্রে উপস্থিত হয়ে আসন বিন্যাস মোতাবেক আসন গ্রহণ করতে হবে।
- ২। প্রশ্ন উভয় পৃষ্ঠায় স্পষ্টভাবে মুদ্রিত আছে কিনা নিশ্চিত হতে হবে। উভয় পৃষ্ঠায় না থাকলে প্রশ্নপত্র পরিবর্তনের জন্য পরিদর্শককে অবহিত করতে হবে।
- ৩। OMR Sheet এবং লিখিত পরীক্ষার উত্তরপত্র পাওয়ার পর নির্ধারিত স্থানে নাম ও অন্যান্য তথ্যাবলী লিপিবদ্ধ করতঃ স্বাক্ষর করতে হবে।
- ৪। OMR Sheet-এ 'Set' এবং "Exam Roll No." এর বৃত্ত সমূহ যথাযথভাবে ভরাট করতে হবে। এখানে কোন প্রকার ঘষামাজা অথবা কাটাকাটি করলে উত্তরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৫। পরীক্ষার্থীগণ কোন অবস্থাতেই বই, কাগজপত্র, ব্যাগ, মোবাইল ফোন, ঘড়ি, ক্যামেরা, এটিএম কার্ড, ব্লুটুথ ডিভাইস নিয়ে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।
- ৬। সকল অনুষদের পরীক্ষার্থীগণ নিম্নোক্ত ক্যালকুলেটর সমূহের মডেলের বাইরে অন্য কোন ব্র্যান্ড/মডেলের ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে নাঃ

ব্র্যান্ড	মডেল
CASIO Scientific Calculators	fx-95ES PLUS, fx-100MS, fx-115MS, fx-350EX, fx-82EX, fx-350MS, fx-570ES, fx-570ES PLUS, fx-570MS, fx-991MS
CANON Scientific Calculators	F718S, F718SA, F718SG, F718SGA
SHARP Scientific Calculators	EL509X, EL531XH

- ৭। প্রবেশপত্র, OMR Sheet, লিখিত পরীক্ষার উত্তরপত্র এবং Attendance Sheet-এর স্বাক্ষরসমূহ অবশ্যই এক হতে হবে।
- ৮। পরীক্ষা চলাকালীন কোন পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবে না। পরীক্ষা শেষে পরীক্ষার্থীর কাছ থেকে MCQ Paper, OMR Sheet ও লিখিত পরীক্ষার উত্তরপত্র সংগ্রহ করার পর নির্দেশ না দেওয়া পর্যন্ত পরীক্ষার্থীগণ কক্ষে অবস্থান করবে।
- ৯। পরিদর্শক OMR Sheet এবং লিখিত পরীক্ষার উত্তরপত্রে স্বাক্ষর করেছেন কিনা তা পরীক্ষার কক্ষ ত্যাগ করার পূর্বে নিশ্চিত হতে হবে।

এম সাজেদুল করিম  
কমডোর, বিএন  
ডীন, এফএসএ

ও

সভাপতি, অনার্স ভর্তি কমিটি